



Advocates for Children of New York

Protecting every child's right to learn

ইংরাজি ভাষার শিক্ষার্থীদের জন্য স্টেট পরীক্ষা এবং সুযোগসুবিধা

প্রতি বসন্তকালে শিক্ষার্থীরা বিভিন্ন বিষয়ে নিউ ইয়র্ক স্টেট পরীক্ষা দেয়। শিক্ষার্থীরা যে স্কুলে পড়ে সেই স্কুলে এই পরীক্ষাগুলি দেয়।

নিউ ইয়র্ক স্টেটে কোন কোন পরীক্ষাগুলি নেওয়া হয় ?

কিন্ডারগার্টেন-12শ শ্রেণী:

ইংরাজি ভাষার শিক্ষার্থীরা (ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার, ELL) নিউ ইয়র্ক স্টেট দ্বিতীয় ভাষা হিসাবে ইংরাজি পরীক্ষা দেয় (নিউ ইয়র্ক স্টেট ইংলিশ অ্যাস এ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ, NYSESLAT)।

3য়-8ম শ্রেণী:

সমস্ত শিক্ষার্থীরা নিউ ইয়র্ক স্টেট ইংরাজি এবং গণিত পরীক্ষা দেয়।

4র্থ শ্রেণী এবং 8ম শ্রেণী:

সমস্ত শিক্ষার্থীরা নিউ ইয়র্ক স্টেট বিজ্ঞানের পরীক্ষা দেয়।

উচ্চ বিদ্যালয় (9ম-12শ শ্রেণী):

শিক্ষার্থীদের উচ্চ বিদ্যালয় থেকে স্নাতক হওয়ার জন্য 4 বা 5টি নিউ ইয়র্ক স্টেট রিজেন্টস পরীক্ষা দিতে এবং পাশ করতে হয়। ইংরাজি, গণিত, বিজ্ঞান এবং ইতিহাসের পরীক্ষা নেওয়া হয়। আরও তথ্যের জন্য দেখুন:

http://www.advocatesforchildren.org/sites/default/files/library/high_school_promotion_graduation_for_ells_bengali.pdf.

ELL দের কোন স্টেট পরীক্ষাগুলি দিতে হয় ?

ELL দের ইংরাজি ভাষাভাষী শিক্ষার্থীদের মতো একই স্টেট পরীক্ষাগুলি দিতে হয়-কিন্তু এক্ষেত্রে তিনটি গুরুত্বপূর্ণ ব্যতিক্রম থাকে।

1. ELLরা তাদের যুক্তরাষ্ট্রে থাকার প্রথম বছরে 3-8 শ্রেণীর ইংরাজি পরীক্ষা দেয় না
2. যে সমস্ত ELL রা 11শ বা 12শ শ্রেণীতে যুক্তরাষ্ট্রে আগমন করেছে তাদের একটি বা দুটি রিজেন্টস পরীক্ষা দেওয়া থেকে অব্যাহতি দেওয়া হতে পারে।
3. শুধুমাত্র ELL দের NYSESLAT দিতে হয়।

কখন স্টেট পরীক্ষা নেওয়া হয় ?

বেশিরভাগ পরীক্ষা বসন্তকালে নেওয়া হয়।

- 3-8 শ্রেণীর ইংরাজি এবং গণিত পরীক্ষা: এপ্রিল
- শ্রেণী 4 এবং শ্রেণী 8 বিজ্ঞান পরীক্ষা: মে মাসের শেষ থেকে জুন মাসের শুরুর দিকে
- NYSESLAT: এপ্রিল এবং মে মাসের মধ্যে।
- রিজেন্টস পরীক্ষা: জুন, অগাস্ট এবং জানুয়ারি।

NYSESLAT কি ?

NYSESLAT ইংরাজি শোনা, বলা, পড়া এবং লেখার দক্ষতা পরীক্ষা করে। যেহেতু NYSESLAT ইংরাজি ভাষার দক্ষতা পরীক্ষা করে তাই এটি অন্য কোনও ভাষায় উপলভ্য নয়।

সঠিক তারিখ প্রতি বছর পরিবর্তন হয়। পরীক্ষার তারিখ নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্টের ওয়েবসাইট থেকে জানা যেতে পারে: <http://www.p12.nysed.gov/assessment/schedules/home.html>.

ELL-রা কি পরীক্ষার সময় কোনও সুযোগসুবিধা পায় ?

হ্যাঁ, ELL-রা পরীক্ষার সময় সুযোগসুবিধা পেতে পারে কারণ তারা তখনো ইংরাজি ভাষা সাবলীলভাবে বলতে পারে না। প্রাক্তন ELL-রাও ELL মর্যাদা ত্যাগ করার পরে 2 বছর পর্যন্ত পরীক্ষায় সুযোগসুবিধা পেতে পারে।

দ্রষ্টব্য: ELL-রা NYSESLAT-এ কোনও পরীক্ষার সুযোগসুবিধা পায় না কারণ এই পরীক্ষাটি ইংরাজি ভাষার দক্ষতা পরিমাপ করে।

ELL-রা পরীক্ষার সময় কি কি সুযোগসুবিধা পায় ?

শিক্ষার্থীরা বিভিন্ন ধরনের সুযোগসুবিধা পেতে পারে। কিছু সাধারণ উদাহরণ হল:

- বেশি সময় পাওয়া (যেমন যদি কোনও পরীক্ষা 1 ঘন্টার হয় তাহলে একজন ELL পরীক্ষাটি সম্পূর্ণ করার জন্য 1.5 ঘন্টা সময় পেতে পারে)
- পরীক্ষার জন্য আলাদা জায়গা।
- দ্বিভাষিক অভিধান এবং/অথবা শব্দকোষ
- প্রশ্নপত্রের লিখিত অনুবাদ
- যে সমস্ত ভাষায় লিখিত অনুবাদ উপলভ্য নেই সেগুলির জন্য পরীক্ষার মৌখিক অনুবাদ।

দ্রষ্টব্য:

মনে রাখবেন যে সুযোগসুবিধা বেশির ভাগ পরীক্ষার জন্য দেওয়া যেতে পারে, যার মধ্যে আছে শিক্ষকের নেওয়া পরীক্ষা এবং স্টেট পরীক্ষা!

আমি কিভাবে সুযোগসুবিধাগুলির জন্য অনুরোধ জানাবো ?

স্কুল বর্ষের শুরুতে স্কুলের কর্মীরা ঠিক করবেন যে আপনার সন্তানের জন্য কোনও সুযোগসুবিধাগুলি সবচেয়ে উপযোগী হবে। যদি আপনার মনে হয় যে আপনার সন্তান পরীক্ষার সুযোগসুবিধাগুলি পেলে তার সাহায্য হবে বা আপনার সন্তান যে সুযোগসুবিধাগুলি পাচ্ছে সেগুলি নিয়ে আপনার যদি কোনও প্রশ্ন থাকে তাহলে আপনার সন্তানের শিক্ষকের সঙ্গে কথা বলুন।

কোনও স্টেট পরীক্ষাগুলি অন্যান্য ভাষায় উপলভ্য ?

- শ্রেণী 3-8 গণিত পরীক্ষা চীনা ভাষা, হাইতিয়ান ক্রেওল, কোরিয়ান, রুশী ভাষা এবং স্পেনীয় ভাষায় পাওয়া যায়।
- শ্রেণী 4 এবং শ্রেণী 8 বিজ্ঞান পরীক্ষা চীনা ভাষা, হাইতিয়ান ক্রেওল এবং স্পেনীয় ভাষায় পাওয়া যায়।
- গণিত, বিজ্ঞান এবং সোশ্যাল স্টাডিজের রিজেন্টস পরীক্ষা চীনা ভাষা, হাইতিয়ান ক্রেওল, কোরিয়ান, রুশী ভাষা এবং স্পেনীয় পাওয়া যায়।

এখনো কোনও প্রশ্ন আছে ?

অনুগ্রহ করে জিল চেইফেটজ এডুকেশন হেল্পলাইনে কল করুন

সোমবার থেকে বৃহস্পতিবার • 10 am থেকে 4 pm

1-866-427-6033 (নিঃশুক্র)

www.advocatesforchildren.org

এই তথ্যপত্রটি আইনি পরামর্শ প্রদান করে না। এই তথ্যপত্রে AFC-র মতামত উল্লেখ না করে প্রচলিত নীতি এবং আইনগুলির সংক্ষিপ্ত বিবরণ প্রদান করার প্রচেষ্টা করা হয়েছে। আপনার যদি কোনও আইনি সমস্যা হয় তাহলে অনুগ্রহ করে একজন অ্যাটর্নি বা আইনজীবীর সঙ্গে যোগাযোগ করুন।

অ্যাডভোকেটস ফর চিলড্রেন অফ নিউ ইয়র্ক, ইঙ্ক কর্তৃক কপিরাইট © মার্চ 2016